



উত্তরা ব্যাংক লিমিটেড

আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারার বিধান মতে

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জোবেদ আলী তালুকদার, পিতা- মৃত হাছেন আলী তালুকদার, মাতা- মৃত মেহেন্জুর নেছা, ঠিকানা: গ্রাম- পশ্চিম গামারীতলা, ডাকঘর- কল সিন্দুর- ২৪১৬, থানা- খোবাউড়া, জেলা- ময়মনসিংহ তার নিজ মালিকানাধীন "মেম্বার্স জে. টি. এন্টারপ্রাইজ" নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের নামে উত্তরা ব্যাংক লিমিটেড, হালুয়াঘাট শাখা থেকে ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকার সিসি (হাইপো) গ্রহণ করেছিলেন যা বিগত ৩০/০৪/২০১৮ইং তারিখে মেয়াদ উত্তীর্ণ হয়ে খেলাপী স্বণে পরিণত হয়। উক্ত স্বণটি জোবেদ আলী তালুকদার এর আবেদনের প্রেক্ষিতে বিগত ২০১৯ সালের জুলাই মাসে ১২ মাসের জন্য পুনঃতফসিল করা হয়। কিন্তু স্বণটি পুনঃতফসিল করার পরে কোন কিস্তি পরিশোধ না করায় শর্ত মোতাবেক স্বণটি পুনরায় খেলাপী স্বণে পরিণত হয়। উক্ত স্বণের জামানত হিসেবে তার নিজ নামীয় মোট (১৫,০০+৩৬৪,০০) = ৩৭৯,০০ (তিনশত উনাব্বিশ) শতাংশ আবাসিক এবং কৃষি জমি ব্যাংকের নিকট রেজিস্ট্রি বন্ধক রাখেন। বারবার তলব ও তাগিদা দেওয়া সত্ত্বেও স্বণ গ্রহীতার নিকট হতে ব্যাংকের পাওনা টাকা আদায় করা সম্ভব হয়নি। বিগত ২৬/০৯/২০২০ ইং তারিখ পর্যন্ত সুদ সহ ব্যাংকের সর্বমোট পাওনা ২৬,৪৪,১৯১.২২ (ছাব্বিশ লক্ষ চুয়ান্বিশ হাজার একশত একানকাই টাকা বাইশ পয়সা) মাত্র। স্বণ নেয়ার সময় স্বণ গ্রহীতা/বন্ধকদাতা বন্ধকীকৃত সম্পত্তি ও তদুপরিষ্টিত স্থাপনা বাড়ির বিক্রয় করার ক্ষমতা ব্যাংককে প্রদান করেছেন তার প্রদত্ত ক্ষমতা বলে এবং উল্লেখিত আইনের বিধান মতে নিম্ন তফশীল বর্ণিত সম্পত্তি ও তদুপরিষ্টিত স্থাপনা বাড়ির বিক্রি করার জন্য সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। অগ্রহী ক্রেতাগণ কর্তৃক আগামী ১২/১১/২০২০ ইং তারিখ বেলা ১.০০ (এক) ঘটিকার মধ্যে উত্তরা ব্যাংক লিমিটেড, হালুয়াঘাট শাখায় রক্ষিত দরপত্র বাস্তব দরপত্র আহবান করা যাচ্ছে অথবা বামের উপর "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখে রেজিস্ট্রি ডাকযোগে উক্ত ঠিকানায় প্রেরণ করতে হবে এবং ঐ দিন বেলা ৩.০০ (তিন) ঘটিকার সময় দরপত্র সমূহ দরপত্র দাতা কিংবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (কেউ যদি উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হতে হবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংকের অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচী অনুযায়ী বাকী টাকা পরিশোধ করতে হবে।

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	বাকী টাকা পরিশোধের সময়
অনুর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন
টাকা ১০,০০,০০১/- হইতে	১৫%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিন
অনুর্ধ্ব টাকা ৫০,০০,০০০/-	১০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিন
টাকা ৫০,০০,০০০/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিন

দরপত্র গৃহীত হওয়ার পর উপরোক্ত সময়ে মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লেখিত মূল্য অসম্পূর্ণ বা কম প্রতীয়মান হলে অথবা অন্য কোন কারণে দরপত্র ত্রুটিপূর্ণ বলে পরিলক্ষিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফসিল ভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা সিটি কর্পোরেশন, পিডিবি, ওয়াসা, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাবে না। এ ছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প ডিউটি ও অন্যান্য গুরু যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

সম্পত্তির তফশীল:

তফশীল- ০১: পৌরসভার বাইরে অবস্থিত ১৫,০০ (পনের) শতাংশ আধা পাকা বাড়ি সহ আবাসিক জমি যার মৌজা- কল সিন্দুর, থানা- খোবাউড়া, জেলা- ময়মনসিংহ, জে এল নং- ৮১, খতিয়ান নং- এস.এ- ১০৫, আরএস- ৭২, বিআরএস- ১৬৭, জমা খরিজ খতিয়ান নং- ৪১৬, দাগ নং- আরএস/আরওআর- ৪০৬, বিআরএস- ৯৩৯, জমির মালিক- জোবেদ আলী তালুকদার (স্বণ গ্রহীতা এবং বন্ধকদাতা), পিতা- মৃত হাছেন আলী তালুকদার, মাতা- মৃত মেহেন্জুর নেছা, ঠিকানা: গ্রাম- পশ্চিম গামারীতলা, ডাকঘর- কল সিন্দুর- ২৪১৬, থানা- খোবাউড়া, জেলা- ময়মনসিংহ।

তফশীল- ০২: পৌরসভার বাইরে অবস্থিত ৩৬৪.০০ (তিনশত চোষটি) শতাংশ কৃষি জমি যার মৌজা- লাসলজোড়া, থানা- খোবাউড়া, জেলা- ময়মনসিংহ, জে এল নং- ৪৬, খতিয়ান নং- এস.এ- ৩৬৫, ২৫২, ০৪, আরএস- ২৯৭, ২০৯, ০৪, ৩০২, বিআরএস- ৭৫৩, ৭৫৯, ২৪২, ২১৪, জমা খরিজ খতিয়ান নং- ৮৪৫, ৮৩৬, দাগ নং- এসএ/আরএস- ১২০২, ১১৯৯, ১২১০, ১১৯২, বিআরএস- ২১৭২, ২১৫২, ২১৭৩, ২১৭১, ২১৫১, ২১৪২, জমির মালিক- জোবেদ আলী তালুকদার (স্বণ গ্রহীতা এবং বন্ধকদাতা), পিতা- মৃত হাছেন আলী তালুকদার, মাতা- মৃত মেহেন্জুর নেছা, ঠিকানা: গ্রাম- পশ্চিম গামারীতলা, ডাকঘর- কল সিন্দুর- ২৪১৬, থানা- খোবাউড়া, জেলা- ময়মনসিংহ।

উপ-মহাব্যবস্থাপক ও চেয়ারম্যান, টেন্ডার কমিটি।